বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৯/১, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা- ১২০৭।

স্মারক নং- ইউজিসি/প্রশাঃ/৪(৪)/৭৩/১১-১/ ২১১৮

তারিখ ঃ ১৫ চৈত্র ১৪২১ / ২৯ মার্চ ২০১৫

বিষয় ঃ এখন হতে সকল সরকারি **Procurement**-এর ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠান/শিল্প কারখানায় উৎপাদিত দ্রব্য-সামগ্রী/সেবা অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় সংক্রান্ত।

সূত্র ঃ স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.১২.০০৮.২০১৪-৩১০, তারিখ ঃ ১৮-৩-২০১৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত স্মারকের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি প্রয়োজনীয় কার্যার্থে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

সংযুক্তিঃ বর্ণনামতে

২৯/৩/২০১৫
ড. মোঃ ফখরুল ইসলাম
যুগ্ম-সচিব (প্রশাসন)

বিতরণ ঃ

১-৩৬। উপাচার্য

ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/বাংলাদেশ প্রকৌশল/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/ইসলামী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/শেরে বাংলা কৃষি/ হাজী মোঃ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/ রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/জগন্নাথ/ কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি/ বরিশাল/বাংলাদেশ টেক্সটাইল/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়।

৩৭-১১৭। উপাচার্য

নর্থ সাউথ/ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ইন্ডিপেনডেন্ট/দারুল ইহ্সান/ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি/ইন্টারন্যাশনাল ইসলামী/আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি/আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-/এশিয়ান / ইস্ট ওয়েষ্ট/এশিয়া প্যাসিফিক/গণ/দি পিপলস/ঢাকা ইন্টারন্যাশনাল/ ব্রাক/ মানারাত ইন্টারন্যাশনাল/বাংলাদেশ/লিডিং/বিজিসি ট্রাষ্ট/সিলেট ইন্টারন্যাশনাল/ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ/প্রিমিয়ার/সাউথ ইস্ট/ষ্টামফোর্ড/ডেফোডিল ইন্টারন্যাশনাল/ স্টেট/ ইবাইস/ সিটি/প্রাইম/নর্দান/সাউদার্ন/গ্রীণ/ওয়ার্ল্ড/শান্ত মারিয়াম/দি মিলিনিয়াম/ইষ্টার্ণ/বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি/ মেট্রোপলিটন/ উত্তরা/ ইউনাইটেড ইন্টারন্যাশনাল/ভিক্টোরিয়া/ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া/প্রেসিডেন্সি/ ইউনিভার্সিটি অফ ইনফরমেশন টেকনোলজি এন্ড সাইন্সেস/প্রাইম এশিয়া/ রয়েল ইউনিভার্সিটি/ লিবারেল আর্টস/ অতীশ দীপংকর বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ ইসলামী/আশা ইউনিভার্সিটি/ইস্ট ডেল্টা/সেন্ট্রাল উইমেন্স/ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ/বরেন্দ্র বিশ্ববিদ্যালয়/হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/বিজিএমইএ ইউনিভার্সিটি অভ ফ্যাশন এন্ড টেকনোলজি/ নর্থ ইস্ট/ ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ঈসাখাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ/ জেডএইচ শিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/এক্সিম ব্যাংক কৃষি/নর্থ ওয়েস্টার্ন/খাজা ইউনুস আলী/সোনারগাঁও/ফেনী/ব্রিটানিয়া/পোর্ট সিটি ইন্টারন্যাশনাল/বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস/চিটাগং ইন্ডিপেনডেন্ট/নটরডেম/টাইমস/নর্থ বেঙ্গল ইন্টান্যাশনাল/ফারইস্ট ইন্টারন্যাশনাল/রাজশাহী সাইন্স এন্ড টেকনোলজি/শেখ ফজিলাতুন্নেছা মুজিব/কক্সবাজার ইন্টারন্যাশনাল/রণদা প্রসাদ সাহা/জার্মান/গ্লোবাল/সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

স্মারক নং- ইউজিসি/প্রশাঃ/৪(৪)/৭৩/১১-১/

তারিখ ঃ ১৫ চৈত্র ১৪২১ / ২৯ মার্চ ২০১৫

সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে অনুলিপি ঃ

১-৫। পরিচালক (অর্থ ও হিসাব/পরিকল্পনা ও উন্নয়ন/ রিসার্চ সাপোর্ট ও পাবলিকেশন/বেসরকারি বিশ্ববিদ্যালয়/ ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ), ইউজিসি, ঢাকা।
৬। অতিরিক্ত পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, ইউজিসি, ঢাকা।
৭। একান্ত সচিব, চেয়ারম্যান (প্রতিমন্ত্রী) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৮-১২। সিনিয়র সহঃ সচিব/সহকারী সচিব/ ব্যক্তিগত কর্মকর্তা, সদস্য মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১৩। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১৪-১৫। নথি/ মহানথি।

২৯/০৩/১৫
রিফাত নাজনীন
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন)

Registrar 6/4/15

D:\C.O Md. Moniruzzaman (T)\Circular.doc

## বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-৬/রে- ৮০৭২(৪৫)

তারিখঃ ০৯.৫.১৫

BSEC Letter-12.doc

Secretary
Ministry of Industries
Government of the People's
Republic of Bangladesh

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি
সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়
মন্ত্রণালয় (প্রশাসন) এর কার্যালয়
ডায়েরী নং ৭০৫
তারিখ ২/৩/১৫

ডি,ও নং ৩৬.০০.০০০০.০৬৭.২৭.০২০.০৪

তারিখঃ ০২ মার্চ, ২০১৫ খ্রিষ্টাব্দ
১৮ ফাল্গুন, ১৪২১ বংগাব্দ

প্রিয় সচিব,

আপনি নিশ্চয় অবহিত আছেন যে, শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি)'র অধিনস্থ কারখানাসমূহ বিভিন্ন ধরণের শিল্প পণ্য উৎপাদন করে বাজারজাত করে থাকে। বিএসইসির উৎপাদিত সকল পণ্যসামগ্রীর গুনগত মান উৎকৃষ্ট। সাম্প্রতিক সময়ে কতিপয় বেসরকারি প্রতিষ্ঠানের সাথে অসম প্রতিযোগিতার কারণে বিএসইসি এর অধীনস্থ প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্য বাজারজাতকরণে সমস্যার সম্মুখিন হতে হচ্ছে এবং সে কারণে প্রতিষ্ঠানসমূহে উৎপাদন ক্ষমতার পূর্ণ ব্যবহার করা সম্ভব হচ্ছে না। ফলশ্রুতিতে এ প্রতিষ্ঠানগুলো ক্রমাগত লোকসানের সম্মুখীন হচ্ছে এবং জাতীয় অর্থনীতিতে কার্যকর ভূমিকা রাখতে পারছেনা।

০২। বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি)'র নিয়ন্ত্রণাধীন এটলাস বাংলাদেশ লিঃ এবং প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ যথাক্রমে মোটর সাইকেল ও জীপ গাড়ী প্রস্তুত করে থাকে। এ ২টি সংস্থা থেকে মোটর সাইকেল ও জীপ গাড়ী সরবরাহ নেয়া হলে একদিকে যেমন প্রচুর পরিমাণে বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে অপরদিকে আমদানি ঝামেলা এড়িয়ে কম দামে কম সময়ে উন্নত মানের গাড়ী ক্রয় করা সম্ভব হবে। তাছাড়া এ সকল মোটর সাইকেল ও গাড়ীর খুচরা যন্ত্রাংশ সহজলভ্য বিধায় অল্প খরচে মেরামত করে গাড়ি সচল রাখা যায়, যা আমদানি করা গাড়ির ক্ষেত্রে সম্ভব নয়। ন্যাশনাল টিউবস লিঃ উন্নতমানের জিআই পাইপ তৈরী করে থাকে এবং গাজী ওয়্যারস লিঃ উন্নতমানের তামার তার তৈরী করে থাকে যা সরকারি নির্মাণাধীন ভবনে বৈদ্যুতিক কাজে ব্যবহার করা যায়। ইষ্টার্ণ টিউবস লিঃ ফ্লোরোসেন্ট টিউব লাইট ও সিএফএল বাল্ব তৈরী করে যা বিদ্যুৎ সাশ্রয়ী হিসেবে প্রমাণিত এবং এসব টিউব লাইট অফিস আদালতে ব্যবহার উপযোগী। তাছাড়া জেনারেল ইলেক্ট্রিক ম্যানুফ্যাকচারিং লিঃ (জিইএমকোং) এর তৈরী ট্রান্সফরমার, সুইচ গিয়ার এবং ইষ্টার্ণ কেবলস লিঃ এর তৈরী উন্নতমানের কেবলস ও কন্ডাক্টর বিদ্যুৎ বিভাগের অধীন বিভিন্ন সংস্থাসমূহ এবং সরকারি প্রতিষ্ঠানসমূহে ব্যবহার করা যেতে পারে।

০৩। পরিকল্পনা মন্ত্রণালয়ের ১৬ মার্চ, ২০১০ তারিখের একনেক সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের অধিনস্থ শিল্প কারখানায় উৎপাদিত পণ্য সামগ্রী সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহ বিনা টেন্ডারে সরাসরি ক্রয় করতে পারবে। এছাড়া ০২/০৩/২০১০ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় গৃহীত নিম্নোক্ত সিদ্ধান্তটি ১৪/১০/২০১০ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছেঃ

> "এখন হতে সকল সরকারি Procurement এর ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানে উৎপাদিত দ্রব্য সামগ্রী অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় করতে হবে। সরকারি প্রতিষ্ঠানে প্রয়োজনীয় মালামাল পাওয়া না গেলে বাইর থেকে ক্রয় করা যাবে"।

কিন্তু দুঃখের বিষয় সরকারী দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর/সংস্থা/করপোরেশন উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করছে না।

০৪। বর্ণিত প্রেক্ষাপটে সরকারি নির্দেশনার আলোকে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) এর উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে উৎপাদিত পণ্যসমূহ অগ্রাধিকার ভিত্তিতে দরপত্র ব্যতিরেকে সরাসরি ক্রয়ের নিমিত্ত আপনার অধীনস্থ সকল দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর/সংস্থা/করপোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থাকে সংযুক্ত পত্রের তালিকায় উল্লিখিত পণ্য ক্রয়ের নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

একান্তভাবে আপনার,

02/03/2015

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি)

শিক্ষা সচিবের দপ্তর
ডায়েরী নং-  তারিখঃ
অতিঃ সচিব (প্রশাঃ ও অর্থ) / অতিঃ সচিব (উন্নয়ন)
অতিঃ সচিব (বিশ্বঃ) / যুগ্ম-সচিব (অডিট ও আইন)
যুগ্ম-সচিব (কলেজ) / প্রধান (পরিকল্পনা)
যুগ্ম-সচিব (মাধ্যঃ-১)
যুগ্ম-সচিব (মাধ্যঃ-২)
যুগ্ম-সচিব (কাঃ ও মাঃ)

অতিঃ সচিব (প্রঃ ও অঃ) এর দপ্তর
অতিঃ সচিব (উন্নয়ন) | উপ-সচিব (প্রশাসন ১/২)
অতিঃ সচিব (বিশ্ববিদ্যালয়)
অতিঃ সচিব (কলেজ)
অতিঃ সচিব (কাঃ ও মাঃ)
যুগ্ম-সচিব (মাধ্যমিক)

অতিঃ সচিব মহোদয়ের দপ্তর
ডায়েরী নং ৫৫৫৫
তারিখ ২/৩/১৫

জনাব মোঃ নজরুল ইসলাম খান
সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

md.salimullah63@yahoo.com

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল)
টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

নং- আইটিএস ঃ ০১-২০/২০১৪/ /২৮৪ তারিখ ঃ ০৮/০৩/২০১৫ খ্রিঃ

প্রতি,
সচিব
শিক্ষা মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব, উন্নয়ণ।

বিষয় ঃ শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাশ্রয়ী মূল্যে বিটিসিএল কর্তৃক ইন্টারনেট সংযোগ প্রদান প্রসংগে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিঃ (বিটিসিএল) একটি সরকারী প্রতিষ্ঠান হিসাবে বাংলাদেশে টেলিযোগাযোগ ব্যবস্থার সুষ্ঠু বিকাশ, সর্বোপরি নিরবিচ্ছিন্ন টেলিসেবা প্রদানের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। টেলিযোগাযোগ ক্ষেত্রে এদেশের সূচনাকারী সরকারী প্রতিষ্ঠান হিসাবে জনগনের চাহিদা অনুসারে উন্নত মানের টেলিযোগাযোগ ও গ্রাহক সেবা প্রদানে বিটিসিএল বদ্ধপরিকর।

উক্ত ধারাবাহিকতায় বিটিসিএল জনস্বার্থে এবং সরকারের নির্দেশে বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে উচ্চ গতি সম্পন্ন ইন্টারনেট ও ডাটা সুবিধা প্রদান করছে। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় মাননীয় প্রধানমন্ত্রীর গতিশীল নেতৃত্ব এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার উদ্ভাবনীমূলক চিন্তাচেতনার উৎকর্ষতায় "ডিজিটাল বাংলাদেশ" গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তি নির্ভর অবকাঠামো, শিক্ষা, প্রশাসন এবং মানব সম্পদ উন্নয়নে বিটিসিএল অভূতপূর্ব উদ্যোগ গ্রহন করেছে। অপরদিকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি শিক্ষার প্রসার ও বৃহত্তর জনগোষ্ঠিকে শিক্ষিত করার প্রয়াসে ইন্টারনেট ব্যান্ডউইথের উপর বিপুল পরিমান Discount দিচ্ছে। এই প্রেক্ষিতে বিটিসিএল আপনার মন্ত্রণালয়ের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাশ্রয়ী মূল্যে ইন্টারনেট সংযোগ প্রদানের প্রস্তাব করছে।

এ প্রসঙ্গে বলা যায় যে, একনেক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্তে পরিকল্পনা মন্ত্রণালয় হতে জারীকৃত পত্রে উল্লেখ আছে "এখন হতে সকল সরকারী Procurement-এর ক্ষেত্রে সরকারী প্রতিষ্ঠান উৎপাদিত দ্রব্য-সামগ্রী অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় করতে হবে। সরকারী প্রতিষ্ঠানে প্রয়োজনীয় মালামাল পাওয়া না গেলে বাইরে থেকে ক্রয় করা যাবে।" (কপি সংযুক্ত)

এমতাবস্থায় উপরোক্ত বর্ণনার আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টারনেট সেবা কার্যক্রমটি সাশ্রয়ী মূল্যে প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

শিক্ষা সচিবের দপ্তর
অতিঃ সচিব (প্রশাঃ ও অর্থ) অতিঃ সচিব (উন্নয়ন)
যুগ্ম-সচিব (অডিট ও আইন)
প্রধান (পরিকল্পনা)

(মাহফুজ উদ্দিন আহমদ)
ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য-
১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ,
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-০২ (সেবা) শাখা
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬২.১২.০০৮.২০১৪-৩১০

তারিখ : ০৪ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ / ১৮ মার্চ, ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় : এখন হতে সকল সরকারি Procurement-এর ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠান/শিল্প কারখানায় উৎপাদিত দ্রব্য-সামগ্রী/সেবা অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় সংক্রান্ত।

সূত্রঃ ১। শিল্প মন্ত্রণালয়ের ডিও পত্র নং-৩৬.০০.০০০০.০৪৬.১১.০০২.১০-১২৯ তারিখ-২৩.০২.২০১৫খ্রিঃ
২। শিল্প মন্ত্রণালয়ের ডিও পত্র নং-৩৬.০০.০০০০.০৬৭.২৭.০২০.০৪-৮৫ তারিখ-০২.০৩.২০১৫খ্রিঃ
৩। বিটিসিএল এর স্মারক নং-আইটিএস :০১ ২০/২০১৪/২৪৪ তারিখ-০৮.০৩.২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্র সমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, এখন হতে সকল সরকারি Procurement-এর ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠান/শিল্প কারখানায় উৎপাদিত দ্রব্য-সামগ্রী/সেবা অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় করতে হবে।

'সরকারি অর্থ সাশ্রয় ও সরকারি প্রতিষ্ঠান/শিল্প কারখানায় উৎপাদিত পণ্যের স্বার্থে সরকারি ক্রয় যতদূর সম্ভব সরকারি প্রতিষ্ঠান হতে করতে হবে। দেশীয় প্রতিষ্ঠান/শিল্প প্রতিষ্ঠানে উৎপাদিত যন্ত্রপাতির অনুরূপ যন্ত্র আমদানীকে নিরুৎসাহিত করতে হবে।

এমতাবস্থায়, এখন হতে সকল সরকারি Procurement-এর ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানে উৎপাদিত দ্রব্য-সামগ্রী/সেবা অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ বিষয়ে সূত্রোস্থ ০৩টি পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ সচিব, শিল্প মন্ত্রণালয়ের ডিও পত্রের কপি-২ (দুই) প্রস্থ।
বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিঃ (বিটিসিএল)এর পত্রের কপি-০১(এক) প্রস্থ।

(মোহাম্মদ শহীদুল্লাহ)
সহকারী সচিব (প্রশাসন-২)
☎ঃ ৯৫৫৮৫৫১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্ম-সচিব (প্রশাসন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্ম-সচিব (অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, পরিবহনপুল ভবন, ঢাকা।
৪. যুগ্ম-সচিব (উন্নয়ন-১, ২), শিক্ষা মন্ত্রণালয়, পরিবহনপুল ভবন, ঢাকা।
৫. যুগ্ম-সচিব (বাজেট), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্ম-সচিব (কারিগরি/মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. যুগ্ম-সচিব (মাধ্যমিক-১, ২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৯. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
১০. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী(নায়েম), নিউমার্কেট, ঢাকা।
১১. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট, ঢাকা।
১২. চেয়ারম্যান,বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ),নায়েম ক্যাম্পাস, নিউমার্কেট, ঢাকা।
১৩. যুগ্ম-প্রধান (পরিকল্পনা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপসচিব (সকল), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা।
১৭. পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত,ঢাকা।
১৮. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৯. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ যশোর/ কুমিল্লা/ রাজশাহী/ চট্টগ্রাম/ বরিশাল/ সিলেট/ দিনাজপুর।
২০. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা।
২১. চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, শেরেবাংলা নগর, ঢাকা।
২২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[পত্রটি ওয়েব সাইটে প্রচার করার অনুরোধসহ]
২৫. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

Secretary
Ministry of Industries
Government of the People's
Republic of Bangladesh

মো: মোশাররফ হোসেন ভুঁইয়া এনডিসি
সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
E-mail: indsecy@moind.gov.bd
Phone: 9567024

ডি,ও, নং-৩৬.০০.০০০০.০৪৬.১১.০০২.১০ -১২৯

তারিখঃ ২৬-০২-২০১৫খ্রি.

আপনি অবগত আছেন যে, উসমানিয়া গ্লাসশীট ফ্যাক্টরী লি: (ইউজিএসএফএল) শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) এর একটি প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানটি বিভিন্ন ধরণের গ্লাসশীট উৎপন্ন করে থাকে। উসমানিয়া গ্লাসশীট ফ্যাক্টরী লি: কর্তৃক উৎপাদিত গ্লাস আপনার মন্ত্রণালয়ের অধীন স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে ব্যবহার করা হলে একদিকে সরকারের অর্থের সাশ্রয় হবে অন্যদিকে আমদানি নির্ভরতা হ্রাস পাবে এবং ইউজিএসএফএল দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে সমর্থ হবে। এছাড়া বিসিআইসি'র অধীন বাংলাদেশ ইনসুলেটর ও স্যানিটারী ওয়্যার ফ্যাক্টরী (বিআইএসএফ) লি: উন্নতমানের ইনসুলেটর ও স্যানিটারী দ্রব্যাদি প্রস্তুত করে থাকে। এসব সামগ্রী সরাসরি ক্রয়ের মাধ্যমে আপনার মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তরসমূহ ব্যবহার করতে পারে।

২। আপনি আরো অবগত আছেন যে, মাননীয় প্রধানমন্ত্রী বিগত ২৪-০৮-২০১৪ তারিখ শিল্প মন্ত্রণালয় পরিদর্শনকালে **'সরকারী অর্থ সাশ্রয় ও সরকারী শিল্প কারখানার উৎপাদিত পণ্যের স্বার্থে সরকারী ক্রয় যতদূর সম্ভব সরকারী প্রতিষ্ঠান হতে করতে হবে। দেশীয় শিল্প প্রতিষ্ঠানে উৎপাদিত যন্ত্রপাতির অনুরূপ যন্ত্র আমদানীকে নিরুৎসাহিত করতে হবে'** মর্মে অনুশাসন প্রদান করেন।

৩। এমতাবস্থায়, উসমানিয়া গ্লাসশীট ফ্যাক্টরী লি: কর্তৃক উৎপাদিত গ্লাসশীট এবং বিআইএসএফ কর্তৃক উৎপাদিত সামগ্রী সরাসরি ক্রয়ের জন্য আপনার মন্ত্রণালয়ের অধীন বিভাগ/দপ্তর/অধিদপ্তর সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার আপনার ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করছি।

আন্তরিকভাবে আপনার,

২৬/০২/২০১৫

(মো: মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি)

শিক্ষা সচিবের দপ্তর
ডায়েরী নং-
তারিখঃ
অতিঃ সচিব (প্রশাঃ ও অর্থ)
অতিঃ সচিব (উন্নয়ন)
অতিঃ সচিব (বিশ্বঃ)
যুগ্ম-সচিব (অডিট ও আইন)
যুগ্ম-সচিব (কলেজ)
প্রধান (পরিকল্পনা)
যুগ্ম-সচিব (মাধ্যঃ-১)
সচিব

জনাব মোঃ নজরুল ইসলাম খান
সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অতিঃ সচিব (প্রঃ ও অঃ) এর দপ্তর